দৈনিক ইত্তেফাক

তারিখ MAY 15 1999
পৃষ্ঠা ২ কলাম ৮

499

# ক্যাম্পাসে সন্ত্রাসের সাথে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সহ অবস্থান করবে না
## —ঢাঃ বিঃ ভিসি

**প্রেস বিজ্ঞপ্তি ঃ** ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর অধ্যাপক এ কে আজাদ চৌধুরী দৃঢ়তার সাথে বলেছেন, ক্যাম্পাসে সন্ত্রাস, নৈরাজ্য ও হানাহানির সাথে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কখনই সহঅবস্থান করবে না। বরং প্রশাসন নিজস্ব নিরপেক্ষ অবস্থান থেকে সকল শক্তি দিয়ে একযোগে, সন্ত্রাস মোকাবিলা করবে।

তিনি গত । (বৃহস্পতিবার) টিএসসি মিলনায়তনে, অনুষ্ঠিত 'ইতিহাস বিভাগের নবীন বরণ, বিদায় সংবর্ধনা ও সাহিত্য-সংস্কৃতি প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন।

বিভাগীয় চেয়ারম্যান অধ্যাপক এবিএম মাহমুদ-এর সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন কলা অনুষদের ডীন অধ্যাপক কাজী শহীদুল্লাহ, বিভাগের প্রবীণ শিক্ষক অধ্যাপক আবদুল মমিন চৌধুরী, অধ্যাপক আহমেদ কামাল প্রমুখ